



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
 আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০২.০১১.০০.০০.০১০.২০১৭- ৩২৬

তারিখঃ ২৬ কার্তিক ১৪২৫
 ০৭ নভেম্বর ২০১৮

বিষয়: তথ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উপ সহকারী প্রকৌশলী (টেলিভিশন) পদে সরাসরি পছন্দ নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত তারিখ ও সময়সূচি, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি।

তথ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উপসহকারী প্রকৌশলী (টেলিভিশন) পদে প্রার্থীদের ৩ ঘণ্টা ব্যাপী লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো:

লিখিত পরীক্ষার তারিখ, সময়সূচি ও আসন ব্যবস্থা:

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	প্রার্থীর সংখ্যা	পরীক্ষার কেন্দ্র	পরীক্ষার তারিখ ও সময়
উপ সহকারী প্রকৌশলী (টেলিভিশন) তারিখ: ২৪.০১.২০১৮ বিজ্ঞপ্তি নম্বর : ৪৯	২৫৩ জন	শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা	তারিখ : ২২.১১.২০১৮ বিকাল: ১.০০ টা হতে ৪.০০ টা

- প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তদন্ত অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
- প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল-৬০ সর্বমোট ২০০ নম্বরের ৩ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রার্থীকে পরীক্ষা হলে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(আ.ই.ম নেছার উদ্দিন)
 পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]